JAN. 22 2001

দৈনিক ইত্তেফাক

# নাটোরে এমপিওবিহীন শিক্ষকদের বেতন দাবী

নাটোর সংবাদদাতা ॥ জেলার ৭ শতাধিক এমপিওবিহীন শিক্ষক বেতন-ভাতার দাবীতে গত ১৯শে জানুয়ারী নাটোর প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করেন। জেলা এমপিওবিহীন শিক্ষক সমিতির সভাপতি মনিরুজ্জামান জানান, শিক্ষকদের অনশনের প্রেক্ষিতে সরকার গত বছর ২৪ আগষ্ট এক চুক্তি স্বাক্ষর করে। চুক্তির ৯ নম্বর শর্তে বলা হয়, শিক্ষকদের এসএসসি হইতে স্নাতক পর্যন্ত প্রতিটিতে দ্বিতীয় শ্রেণী থাকিতে হইবে। কিন্তু বর্তমানে কর্মরত অধিকাংশ শিক্ষক তৃতীয় উত্তীর্ণ ফলে শর্তানুযায়ী চাকুরী হারাইবার সম্ভাবনা বিদ্যমান থাকায় শিক্ষকগণ আন্দোলনের কর্মসূচী গ্রহণ করিয়াছে। ৯ নম্বর শর্ত বাতিলের দাবীতে তাহারা ২৫শে জানুয়ারী প্রধানমন্ত্রীর নিকট স্মারকলিপি প্রদান ও ৬ই ফেব্রুয়ারী ঢাকায় মহাসমাবেশ করিবে। সাংবাদিক সম্মেলনে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সমিতির সহসভাপতি রেজাউন্নবী রাজা, সাধারণ সম্পাদক এমদাদুল হক, সাংগঠনিক সম্পাদক রুহুল আমিন।